

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৮৬

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৬২, চতুস্পদ জন্তু অগ্রিম ক্রয়-বিক্রয়

بَابِ السَّلَمِ فِي الْحَيَوَانِ

### আরবী

حَدَّ ثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّ ثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، حَدَّ ثَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ، حَدَّ ثَنِي سَعِيدُ بْنُ هَانِئٍ، قَالَ سَمِعْتُ الْعِرْبَاضَ بْنَ سَارِيَةَ، يَقُولُ كُنْتُ عِنْدَ النَّبِيِّ - صلى الله عليه وسلم - فَقَالَ أَعْرَابِيُّ يَا رَسُولَ عليه وسلم - فَقَالَ الأَعْرَابِيُّ يَا رَسُولَ اللَّهِ هَذَا أَسَنُّ مِنْ بَعِيرِي . فَقَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " خَيْرُ النَّاسِ خَيْرُهُمْ قَضَاءً " .

#### বাংলা

২/২২৮৬। ইরবাদ ইবনে সারিয়া (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট উপস্থিত থাকা অবস্থায় এক বেদুঈন (এসে) বললো, আমার উঠিত বয়সের উটিট পরিশোধ করুন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে একটি বড় উট দিলেন। বেদুঈন বললো, ইয়া রাসূলুল্লাহ! এটি আমার উটের তুলনায় অধিক বয়স্ক। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মানুষের মধ্যে সেই ব্যক্তি উত্তম যে ঋণ পরিশোধে উত্তম।

## **English**

#### Sa'eed bin Hani' said:

"I heard 'Irbad bin Sariyah say: 'I was with the Prophet (ﷺ) and a Bedouin said: "Pay me back for my young camel, and he gave him an older (i.e., better) camel." He said: 'O Messenger of Allah! It is older (i.e., better) than my camel.' The Messenger of Allah (ﷺ) said: 'The best of people are those who are best in repaying."'

## ফুটনোট



নাসায়ী ৪৬১৯, আহমাদ ১৬৬৯৯, ইরওয়া ৫/২২৪, ২২৫।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. যায়দ ইবনুল হুবাব সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আলী ইবনুল মাদীনী ও উসমান বিন আবু শায়বাহ তাকে সিকাহ বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২০৯৫, ১০/৪০ নং পৃষ্ঠা) ২. মু'আবিয়াহ বিন সালিহ সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিসের মাঝে আমি কোন সমস্যা দেখি না। আবু বকর আল-বায়যার বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬০৫৮, ২৮/১৮৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইরবায ইবনু সারিয়াহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন